

এবার ভুখা মরবে পশ্চিমবঙ্গ এবং বাংলাদেশের চাষীরাঃ আপনারা
সোচ্চার হৌন
বিপ্লব (www.vinnomot.com)

ভারত বাংলাদেশের জল বন্টন নিয়ে আমাদের সাম্প্রতিক বিতর্কে বলেছিলাম, মূল সমস্যাটা হচ্ছে বিহার, উত্তরপ্রদেশ থেকে সব জল তুলে নেওয়া হচ্ছে। ফারাঙ্কাতে জল পৌঁছাচ্ছে না। সেটা এবছর সাংঘাতিক প্রকট হচ্ছে। মার্চ থেকে মে মাসে বাংলাদেশ পশ্চিমবঙ্গের ভাগে দশ হাজার কিউসেক জল জুটবে কি না সন্দেহ। যেখানে উভয় বাংলার পাওয়ার কথা তেত্রিশ হাজার কিউসেকের কাছাকাছি।

ফলটা আমাকে নিশ্চয় বলতে হবে না। আপনারা সবই জানেন। বাংলাদেশের এক বিস্তীর্ণ অঞ্চলে খরার করাল ছায়া দীর্ঘতর হচ্ছে। পশ্চিমবঙ্গের সমস্ত বন্দরগুলি মারা যাচ্ছে। ফারাঙ্কায় বিদ্যুৎ উৎপাদনের মতন জল পর্যন্ত পাওয়া যাচ্ছে না। সেচের জলতো দূরের কথা। কৃষিতে সাংঘাতিক ক্ষতি হবে এবার-মানে অনেক টাকা দিয়ে সেচের জল কিনতে বাধ্য হচ্ছে চাষীরা। পাশাপাশি পানীয় জলের জন্য বিশাঙ্কু আর্সেনিক, নাইট্রেট, সিলেনিয়ামের পরিমাণ ভূগর্ভস্থ জলে আরো বেশী হবে।

ভারতের যুক্তরাষ্ট্রীয় রাজনীতি হচ্ছে, জোর যার, মুল্লুক তার। এই মুহূর্তে জোট সরকার পশ্চিমবঙ্গের ওপর নির্ভরশীল। এবং জল সম্পদ মন্ত্রী একজন বাঙালী-প্রিয় রঞ্জন দাশমুনসি।

বিহার উত্তর প্রদেশের জল চুরি ঠেকাতে এর থেকে ভালো সুযোগ আসবে না। তাই আমরা ঠিক করেছি, প্রিয় কে আমরা দুপার বাংলা থেকে চিঠি পাঠাবো। বেগম জিয়া এবং বুদ্ধবাবুকেও এক কপি করে দেওয়া হবে। আপনারা আমাদের চিঠি লিখুন :biplabpal2000@yahoo.com

প্রথম দুশোটা চিঠি নিয়ে একটা বড় চিঠি বানিয়ে আমরা প্রিয়র কাছে পাঠাচ্ছি। ইমেলে নয়, একদম সাক্ষাতেই ভিন্নমতের পক্ষ থেকে উভয় বাংলার প্রতিবাদ পাঠাবো।

আপনারা এগিয়ে এসে, বাংলার কৃষকদের স্বার্থে একটা চিঠি লিখুন প্লীজ। পৌঁছানোর দায়িত্ব আমাদের। আমি উনার একটা ফোন ইন্টারভিউ নেওয়ার চেষ্টা করছি। সেখানে আমরা চেষ্টা করবো, আপনাদের বক্তব্য পৌঁছে দিতে।